

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

5 OCTOBER 2026

7:45—7:55PM

(১) শিলচর পৌর নিগম নির্বাচন-২০২৬ এর ভোটগণনা আগামীকাল শিলচর-রামনগরের আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাসে সকাল আটটা থেকে আরম্ভ/ সাতটি কক্ষের মোট ৯৮টি টেবিলে হবে ভোট গণনা/

(২) নগাঁও লোকসভা আসনের উপ-নির্বাচনের আগামীকাল ভোটগ্রহণ/ ভোটগ্রহণে নিয়োজিত আধিকারিক-কর্মচারীরা আজ থেকেই নিজ নিজ ভোটকেন্দ্রে রওয়ানা/

(৩) পাকিস্তানের গোয়েন্দা সংস্থাকে দেশের গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করার অভিযোগে আরও একজনকে আসাম পুলিশের গ্রেপ্তার/

এবং

(৪) সেবা সেতু অভিযানের অংশ হিসেবে আজ কাছাড় জেলার লক্ষীপুর বিধানসভা এলাকায় রাজ্যের মন্ত্রী কৌশিক রাইয়ের এই অভিযানের উদ্বোধন/

প্রথমবারের মতো নির্বাচন হওয়া শিলচর পৌর নিগমের ভোটগণনা আগামীকাল শিলচর-রামনগরের আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাস (আই এস টি টি)তে অনুষ্ঠিত হবে। আগামীকাল সকাল আটটা থেকে গণনা শুরু হবে। মোট সাতটি কক্ষে ভোট গণনা করা হবে। প্রতিটি কক্ষে ১৪টি করে টেবিল থাকবে। প্রতিটি ওয়ার্ডের ভোট গণনার জন্য তিন বা চারটি করে টেবিল থাকবে। সর্বোচ্চ চারটি রাউন্ডে ভোট গণনা শেষ হয়ে যাবে। এছাড়া যেসব ওয়ার্ডে ভোটের সংখ্যা কম, সেসব ওয়ার্ডের গণনা তিন রাউন্ডেই শেষ হয়ে যাবে।

এদিকে গত শনিবারের ভোট গ্রহণের পর শিলচর পৌর নিগমের ৪০টি ওয়ার্ডের ব্যালট বাক্স আই এস টি টি স্ট্রং রুমে রাখা হয়েছে। আগামীকাল সকাল সাড়ে সাতটায় সেগুলি গণনার জন্য নিয়ে আসা হবে। গণনা কেন্দ্রে ভোট গণনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একেকটি কক্ষের প্রতিটি টেবিলে একজন করে মাইক্রো-অবজার্টার, কাউন্টিং অ্যাসিস্টেন্ট এবং কাউন্টিং সুপারভাইজর থাকবেন। এছাড়া প্রতিটি কক্ষে দুজন করে অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসার অর্থাৎ এ আর ও থাকবেন। সব মিলিয়ে আগামীকাল ভোট গণনার জন্য প্রায় সাতশো সরকারী কর্মীকে নিয়োজিত করা হয়েছে।

এদিকে ভোট গণনার কাজ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে কাছাড়ের জেলা আয়ুক্তের পক্ষ থেকে গণনাকেন্দ্রে প্রবেশকারী সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য বেশকিছু নির্দেশ জারি করেছেন। এই নির্দেশ অনুযায়ী নির্বাচন পর্যবেক্ষক, জেলা আয়ুক্ত, জেলা উন্নয়ন আয়ুক্ত, সম-জেলা আয়ুক্ত, অতিরিক্ত জেলা আয়ুক্ত, সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচনী আধিকারিক, সিনিয়র পুলিশ সুপার, অতিরিক্ত ও ডেপুটি পুলিশ সুপার, সংশ্লিষ্ট থানার অফিসার ইন-চার্জ এবং জেলা আয়ুক্তের দ্বারা বিশেষভাবে অনুমোদিত আধিকারিক-কর্মচারী ছাড়া অন্য কেউ গণনা কেন্দ্রের প্রবেশ পথের ভেতরে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে পারবেননা। এছাড়া গণনা কেন্দ্রে ল্যাপটপ, ট্যাবলেট, ডিজিটাল বা স্মার্ট ঘড়ি, ইয়ার বাদ, ক্যালকুলেটর, ক্যামেরাযুক্ত চশমা, ক্যামেরা পেন, ব্যাটারি, রেডিও, ট্রানজিস্টর, ট্রান্সমিটার সহ বিভিন্ন বৈদ্যুতিন সামগ্রী নিষিদ্ধ করা হয়েছে। আবার ছুড়ি, কাঁচি বা ধারালো কোনো বস্তু, আতসবাজি, দেশলাই, অস্ত্র, গুলি, লাঠি ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না। অন্যদিকে জলের বোতল, বাইরের খাবার, ছাতা, বড় ব্যাগ, কালি, ফাউন্টেন পেন, টিফিন ক্যারিয়ার, লাইটার, পেট্রোল জাতীয় সামগ্রী, নেশা জাতীয় পদার্থ, রাসায়নিক ও দাহ্য পদার্থ, ভিডিও ক্যামেরা, সাউন্ড রেকর্ডিং ডিভাইস ইত্যাদিও নিষিদ্ধ করা হয়েছে। তবে অনুমোদিত ক্যামেরা ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না।

অন্যদিকে যেকোনো রাজনৈতিক দলের ব্যানার, পতাকা, প্রচার পত্র, ফেস্টুন, রঙের গুঁড়ো এবং গণনা প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টিকারী যেকোনো সামগ্রী বা পদার্থ নিয়ে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। আগামীকাল অনুষ্ঠেয় ভোট গণনা পর্ব সুষ্ঠু ও সাবলীলভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে গণনা কেন্দ্রে নিয়োজিত সকল সংশ্লিষ্ট ব্যক্তিকে জেলা আয়ুক্তের জারি করা নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলার অনুরোধ জানানো হয়েছে।

নগাঁও লোকসভা আসন সহ পশ্চিমবঙ্গ , তামিলনাড়ু এবং পুডুচেরীর ৫ টি বিধানসভা আসনে আগামীকাল অনুষ্ঠিত উপনির্বাচনের ভোটগ্রহণের জন্য সবধরনের প্রস্তুতি সম্পন্ন। নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের ভোটগ্রহণের জন্য নিয়োজিত মোট ১১ হাজার ৫৩৫ জন আধিকারিক কর্মচারী ইতিমধ্যে ভোটকেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন। মরিগাঁও জেলায়ও নির্বাচনের দায়িত্বে নিয়োজিত আধিকারিক কর্মচারীরা ৯০৭ টি ভোটকেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন বলে জেলা আয়ুক্ত সৃষ্টি সিং জানান। ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ২০৩ জন সেক্টর আধিকারিক এবং ৫৩ জন জোনাল আধিকারিককে নিযুক্তি দেওয়া হয়েছে। এছাড়া ২ হাজার ৩০৭ জন নিরাপত্তারক্ষী নিয়োজিত করা হয়েছে। জেলা আয়ুক্ত জানান যে স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলোতে অতিরিক্ত নিরাপত্তারক্ষী নিয়োগ করা হয়েছে।

কেন্দ্রীয় বন্দর , জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিব্রুগড়ের বগীবিল টার্মিনেল থেকে আন্তর্জাতিক মালবাহী জাহাজের প্রথম যাত্রার সূচনা করেন। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা ভারুয়েল ব্যবস্থার মাধ্যমে এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। নামরূপের আসাম পেট্রকেমিক্যাল লিমিটেড থেকে মিথানল বয়ে নিয়ে যাওয়া দুটি মালবাহী জাহাজ বগীবিল থেকে বাংলাদেশের ঢাকার পানগাঁও বন্দরের উদ্দেশ্যে যাত্রা আরম্ভ করেছে। প্রত্যেকটি জাহাজে ২৭ টি কন্টেনার রয়েছে এবং মোট ১ হাজার ৮০ টন মিথানল বয়ে নিয়ে যাওয়া হচ্ছে। মালবাহী জাহাজ দুটি ব্রহ্মপুত্রের জাতীয় জলপথ -২ এবং ভারত - বাংলাদেশ প্রটকল জলপথ ব্যবহার করবে। উল্লেখ্য স্বাধীনতার পর প্রথমবার ডিব্রুগড় থেকে বিদেশের বন্দরে পণ্য সামগ্রী প্রেরণ করা হচ্ছে। আসামের নদী বানিজ্যের পুনরুদ্ধার এবং উত্তরপূর্বাঞ্চলের আভ্যন্তরীণ জলপথ ব্যবস্থা শক্তিশালী করার ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

পাকিস্তানের গোয়েন্দা সংস্থাকে গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করার অভিযোগে আসাম পুলিশের বিশেষ কার্যবাহিনী আরও একজনকে গ্রেপ্তার করেছে। গুয়াহাটী সাতগাঁও এলাকার একটি ভাড়া বাড়ি থেকে বিহারের বেগুসরাইয়ের বাসিন্দা রিতেশ কুমার সিং কে গ্রেপ্তার করা হয়েছে। উল্লেখ্য এর আগে নিরাপত্তা বাহিনীর গোপন তথ্য পাকিস্তানের গোয়েন্দা সংস্থাকে প্রেরণ করার অভিযোগে গতকাল বিহারের অভিষেক কুমার সিং নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছিল। এই দেশবিরোধী কাজে অভিষেক

কুমারকে সহায়তা করার অভিযোগে আসাম পুলিশের বিশেষ কার্যবাহিনী রিতেশ কুমার সিংকে গ্রেপ্তার করেছে। জিজ্ঞাসাবাদের পর আজ তাকে গ্রেপ্তার করা হয়।

সেবা সেতু অভিযানের অংশ হিসেবে সমগ্র রাজ্যে স্বাস্থ্য ও কল্যান শিবিরের আয়োজন করা হচ্ছে।

কাছাড় জেলার লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত লক্ষী উন্নয়ন খন্ডে আজ রাজ্যের মন্ত্রী কৌশিক রাই সেবা সেতু অভিযানের উদ্বোধন করেন। শিবিরে নাগরিকরা অরুণোদয়, আয়ুস্মান ভারত, ভূমি সংরক্ষন পরিষেবা, জন্ম, মৃত্যু ও বিবাহের শংসা পত্র, পি এম সূর্য ঘর, পেনশন, কিসান ক্রেডিট কার্ড, রেশন কার্ড, নিযুত মইনা, নিযুত বাবু, পি এম স্বনিধি এবং জন ধন যোজনা ইত্যাদি প্রকল্প ও পরিষেবার সুবিধা নিতে পারছেন। আজকের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা, অতিরিক্ত জেলা আয়ুক্ত ধুবজ্যোতি পাঠক প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসেবার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত মাসব্যাপী সেবা সংকল্প অভিযানের লক্ষ্য হলো সরকারী পরিষেবা ও জনকল্যান মূলক প্রকল্পের সুবিধা সরাসরি সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া।

শ্রীভূমি জেলায় গত পয়লা অক্টোবর থেকে শুরু হওয়া সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল পৌর এলাকায় দুটি অতিরিক্ত শিবির অনুষ্ঠিত হবে। আগামীকাল সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত শ্রীভূমি পৌর এলাকার জন্য বিপিন চন্দ্র পাল স্মৃতি ভবনে এবং রামকৃষ্ণ নগর পৌর এলাকার জন্য রামকৃষ্ণ নগর কলেজ প্রেক্ষাগৃহে সেবা সংকল্প অভিযান শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে প্রায় ২২টি সরকারী বিভাগ অংশ গ্রহন করবে। জেলা প্রশাসন থেকে জনসাধারণকে শিবিরে অংশগ্রহন করে অভাব-অভিযোগ নিষ্পত্তির সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে।

এদিকে ডিমা হাসা ও জেলায়ও সেবা সেতু সংকল্প অভিযানের অধীনে বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে। আজ হারেঙ্গাজাও-এর সাংস্কৃতিক হলে আয়োজিত শিবিরে অরুণোদয়, প্রধানমন্ত্রী কিসান ক্রেডিট কার্ড, আয়ুস্মান ভারত, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ইত্যাদি প্রকল্প সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হয়েছে।

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের দক্ষতা উন্নয়ন কেন্দ্র ও প্রতিষ্ঠান উদ্ভাবন পরিষদের জনসচেতনতামূলক কার্যসূচীর অংশ হিসেবে আজ শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক

বিদ্যালয়ে #পাঠ্যপুস্তকের বাইরে রসায়ন # শীর্ষক এক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষজ্ঞ কজ্জা হিসেবে উপস্থিত ছিলেন গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের দক্ষতা উন্নয়ন কেন্দ্রের আধিকারিক এবং প্রতিষ্ঠান উদ্ভাবন পরিষদের সমন্বয়ক ডঃ সুভাষ দেবনাথ। তিনি তাঁর বক্তব্যে দৈনন্দিন জীবনে রশায়নের প্রয়োগ, স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে রশায়নের গুরুত্বপূর্ণ ভূমিকা ইত্যাদি বিষয় তুলে ধরেন। এছাড়া তিনি রশায়ন ভিত্তিক বিভিন্ন কর্মসংস্থানের সুযোগ সম্পর্কেও আলোচনা করেন।

হাইলাকান্দি মেডিকেল কলেজ ডিমান্ড কমিটির পক্ষ থেকে উত্তর হাইলাকান্দিতে প্রস্তাবিত মেডিকেল কলেজ স্থাপনের দাবী জানিয়ে আজ চন্ডীপুরে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সমাজসেবী অভিজিৎ মিশ্রের পৌরহিত্যে আয়োজিত সভায় কমিটির সাধারণ সম্পাদক সামসুল হক বড়ভুইয়া উত্তর হাইলাকান্দির চন্ডীপুরে প্রস্তাবিত মেডিকেল কলেজের পটভূমি ও যৌক্তিকতা নিয়ে বিশদে আলোচনা করেন। পরে কংকু তাঁতিকে সভাপতি এবং মনোজ বাসফরকে সম্পাদক মনোনীত করে এক হাজার ১৭ সদস্যের স্থানীয় কমিটি গঠন করা হয়েছে।
